



মার্কিন বার্তা

AMERICAN CENTER 38-A, Jawaharlal Nehru Road, Calcutta 700 071

Tel: 2288-1200 (7 Lines) Fax: 033-2288-1616/9460 E-mail: pacal@state.gov

বিশেষ সংবাদ

২৯ আগস্ট ২০০৮

বিহারের বন্যা দুর্গতদের জন্য ত্রাণ-সাহায্য দেওয়ার কথা ঘোষণা করলেন মার্কিন রাষ্ট্রদূত

নয়াদিলি— ভারতে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ডেভিড সি মালফোর্ড ঘোষণা করেছেন, বিহারের সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের সহায়তার জন্য মার্কিন যুক্তরাষ্ট্র প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল ও ক্যাথলিক রিলিফ সোসাইটিকে ৪০ লাখ টাকা (এক লক্ষ ডলার) দেবে।

বিহারের প্রাকৃতিক বিপর্যয়ে যারা প্রাণ হারিয়েছেন তাঁদের পরিবারের প্রতি মার্কিন জনগণের পক্ষ থেকে সমবেদনা জানিয়েছেন রাষ্ট্রদূত মালফোর্ড। এক বিবৃতিতে তিনি বলেছেন, প্রয়োজনে তাঁর সরকার আরও সহায়তা দিতে তৈরি।
